

Article's Direct Newspaper Link

## 'টাকা খেয়ে' স্পেন আওয়ামী লীগের কমিটি গঠনের অভিযোগ



'টাকা খেয়ে' আওয়ামী লীগ স্পেন শাখার কমিটি গঠনের অভিযোগ করেছেন কমিটিতে পদবঞ্চিত কিছু নেতা-কর্মী।

মঙ্গলবার দেশটির রাজধানী মাদ্রিদের একটি রেস্টোরাঁয় আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন তারা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পড়েন স্পেন আওয়ামী লীগ একপক্ষের মনোনীত সভাপতি মোঃ বোরহান উদ্দিন।

তিনি বলেন, "ঘোষিত কমিটি নিয়ে দলের কোন্দল তীব্র আকার ধারণ করেছে। ব্যক্তিবিশেষের ভাগাভাগির 'পকেট কমিটি' হয়েছে বলে অনেক সিনিয়র নেতাই এ কমিটি প্রত্যাখান করেছেন।"

অল ইউরোপ আওয়ামী লীগের সভাপতি এম নজরুল ইসলাম ও সাধারণ সম্পাদক সংগঠনটির নির্যাতিত ও পোড় খাওয়া নেতাকর্মীদের কোনো মতামত না নিয়ে 'টাকা খেয়ে' এ কমিটি ঘোষণা করেছেন বলে অভিযোগ করেন তিনি।

বিষয়টি জানিয়ে মাদ্রিদে বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে স্মারকলিপি দেওয়া বলে জানান বোরহান উদ্দিন।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন- স্পেন আওয়ামী লীগ একপক্ষের মনোনীত সাধারণ সম্পাদক এ কে এম সেলিম রেজা, আক্তার হোসেন আতা, ইসলাম উদ্দিন শেখ, সদ্য বিলুপ্ত স্পেন আওয়ামী লীগের যুগ্ম আহ্বায়ক শেখ আব্দুর রহমান, স্পেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জসিম উদ্দিন, স্পেন যুবলীগের আহ্বায়ক ইফতেখার আলম ও স্পেন ছাত্রলীগের সাবেক সভাপতি ইসমাইল হোসেন রায়হান।